ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটার বিরুদ্ধে ৮৪ কোটি ডলারের জরিমানা

written by Chandradip News24 | November 17, 2024

ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটাকে ৭৯ কোটি ৭৭ লাখ ২০ হাজার ইউরো (৮৪ কোটি ডলার) জরিমানা করেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। মেটার বিরুদ্ধে অভিযোগ, কোম্পানিটি ফেসবুকের মার্কেটপ্লেসে শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন পরিষেবায় ব্যবহারকারীদের স্বয়ংক্রিয় প্রবেশাধিকার দেয়ার মাধ্যমে একচেটিয়া ব্যবসা-সংক্রান্ত আইন লঙ্ঘন করেছে।

ইউরোপীয় কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, মেটা তার অনলাইন শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন পরিষেবা ফেসবুক মার্কেটপ্লেসকে ফেসবুকের সাথে যুক্ত করেছে এবং একই সাথে অন্য অনলাইন শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন পরিষেবা প্রদানকারীদের উপর অন্যায্য শর্ত আরোপ করেছে। এটি বিশ্বাস-বিরোধী আইন (অ্যান্টি ট্রাস্ট রুল) লঙ্ঘন। এই অপব্যবহারের কারণে মেটার বিরুদ্ধে জরিমানা করা হয়েছে।

ইউরোপীয় কমিশনের বিবৃতিতে বলা হয়, ফেসবুক ব্যবহারকারীরা চাইলে বা না চাইলে তাদের কাছে ফেসবুকের মার্কেটপ্লেস নিয়মিত প্রদর্শিত

হয়, যা ফেসবুককে অতিরিক্ত সুবিধা দেয়, কিন্তু অন্যান্য বিজ্ঞাপন পরিষেবা প্রদানকারীদের জন্য তা সম্ভব নয়। এর ফলে অন্যান্য অনলাইন শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন পরিষেবা ক্ষতির মুখে পড়ছে।

এই জরিমানার প্রসঙ্গে, ইউরোপীয় কমিশনের প্রতিযোগিতা নীতির দায়িত্বে থাকা এগজিকিউটিভ ভাইস-প্রেসিডেন্ট মার্গ্রেথ ভেস্টেগার বলেছেন, “মেটার সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রাধান্য এবং বিজ্ঞাপনী সুবিধা গ্রহণের জন্য এই জরিমানা আরোপ করা হয়েছে।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম